# অর্থনীতি ১ম পত্র

কোর্স কোডঃ HSC-1858

হায়ার সেকেন্ডারি সার্টিফিকেট প্রোগ্রাম
(এইচএসসি প্রোগ্রাম)

ওপেন স্কুল

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

# অর্থনীতি ১ম পত্র

## কোর্স কোড : HSC-1858

## হায়ার সেকেন্ডারি সার্টিফিকেট প্রোগ্রাম
## (এইচএসসি প্রোগ্রাম)


**রচনায়**

**তাসরুন জাহান**
ওপেন স্কুল, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

**অধ্যাপক মোস্তফা আজাদ কামাল**
স্কুল অব বিজনেস, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

**অধ্যাপক মোহাম্মদ আমজাদ হোসেন**
অর্থনীতি বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

**ড. বসন্ত কুমার বর্মন**
অর্থনীতি বিভাগ, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি

**সম্পাদনায়**

**অধ্যাপক ড. মোঃ আমির হোসেন**
অর্থনীতি বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

**সমন্বয়কারী**

**তাসরুন জাহান**, ওপেন স্কুল, বাউবি
**আল-আমিন সরকার**, ওপেন স্কুল, বাউবি



ওপেন স্কুল

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

# অর্থনীতি ১ম পত্র

**কোর্স কোড : HSC-1858**
**এইচএসসি প্রোগ্রাম**

**প্রথম প্রকাশ :** সেপ্টেম্বর, ২০১৭

**প্রচ্ছদ**
কাজী সাইফুদ্দীন আব্বাস

**কভার গ্রাফিকস**
আবদুল মালেক

**কম্পিউটার কম্পোজ**
কমলেশ ধর

© **বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়**

ISBN 978-984-34-3153-0

**প্রকাশনায়**
প্রকাশনা, মুদ্রণ ও বিতরণ বিভাগ
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৫

**মুদ্রণ**
বাংলাবাজার প্রেস এন্ড পাবলিকেশন
৫৩ নং নর্থ ব্রুক হল রোড, ঢাকা-১১০০

# কোর্সবই অনুসরণ করার নির্দেশনা

## কোর্স পরিচিতি (Course Overview)

**কোর্সের নাম : অর্থনীতি ১ম পত্র (Economics 1st Paper)** **কোর্স কোড : HSC-1858**

পরিবর্তনশীল বিশ্বে একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবেলা করে দেশকে উন্নয়ন ও সমৃদ্ধির দিকে নিয়ে যাওয়ার জন্য প্রয়োজন সুশিক্ষিত ও দক্ষ মানবসম্পদ। সুশিক্ষিত জনশক্তি ছাড়া দ্রুত পরিবর্তনশীল বিশ্বের চ্যালেঞ্জ মোকাবেলা করে দেশকে উন্নয়ন ও সমৃদ্ধির দিকে নিয়ে যাওয়া অসম্ভব। উচ্চমাধ্যমিক শিক্ষার অন্যতম লক্ষ্য হল শিক্ষার্থীর অন্তর্নিহিত মেধা ও সম্ভাবনার পরিপূর্ণ বিকাশে সাহায্য করা এবং প্রাথমিক ও মাধ্যমিক স্তরের অর্জিত শিক্ষার মৌলিক জ্ঞান ও দক্ষতা সম্প্রসারিত ও সুসংহত করার মাধ্যমে উচ্চতর শিক্ষার যোগ্য করে গড়ে তোলা। জাতীয় শিক্ষানীতি-২০১০ এর লক্ষ্য ও উদ্দেশ্যকে সামনে রেখে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষাক্রমে দেশের অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, প্রযুক্তিগত উন্নতি, কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি, সমকালীন চাহিদা ও পরিবেশগত বিষয়গুলো বিবেচনায় নিয়েছে।

জ্ঞান-বিজ্ঞানের প্রসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অভাবনীয় উন্নতির প্রেক্ষাপটে বিশ্ব অর্থনৈতিক ব্যবস্থায় ব্যাপক পরিবর্তন সাধিত হচ্ছে। আমাদের জাতীয় অর্থনীতির কাঠামো অর্থনীতির কাঠামো, অর্থনৈতিক লেনদেন, জীবন-জীবিকা, উন্নয়ন নীতি ও কার্যক্রম ইত্যাদি ক্ষেত্রে পরিবর্তন হচ্ছে। অর্থনৈতিক অগ্রগতির পাশাপাশি অর্থনৈতিক সংকটও বৃদ্ধি পাচ্ছে। পরিবর্তিত বিশ্ব অর্থনৈতিক পরিস্থিতি, জাতীয় অর্থনীতির গতিধারা, বিভিন্ন দেশের শিক্ষাক্রম পর্যালোচনা এবং শিক্ষার্থীদের শিখন চাহিদা বিবেচনা করে অর্থনীতি বিষয়ের শিক্ষাক্রম প্রণয়ন করা হয়েছে। প্রত্যাশা করা যায় যে, এ বিষয়ে জ্ঞান অর্জন করে শিক্ষার্থীরা অর্থনৈতিক সমস্যা সমাধানে সচেষ্ট হবে, দেশের অগ্রগতি ও সমৃদ্ধি সাধনে আগ্রহী হয়ে উঠবে এবং নিজে কোন অর্থনৈতিক কর্ম কিংবা উদ্যোগ গ্রহণ করে জনসম্পদে পরিণত হবে। সর্বোপরি দেশপ্রেম, নাগরিক ও মানবিক মূল্যবোধে উজ্জীবিত হয়ে দেশের অর্থনীতির উন্নয়ন সাধনে অবদান রাখবে।

নতুন এই শিক্ষাμমের আলোকে দূরশিক্ষণ পদ্ধতির শিক্ষার্থীদের কথা মাথায় রেখে এইচএসসি প্রোগ্রামের স্ব-শিখন পাঠসামগ্রী হিসেবে অর্থনীতি ১ম পত্র বইটি রচিত হয়েছে। দূরশিক্ষণ পদ্ধতির মূল কথাই হল স্বনির্ভর পাঠ ব্যবস্থাপনা। এ পদ্ধতির মাধ্যমে শিক্ষার্থী নিজ দায়িত্বে নিজের সুবিধামতো সময়ে শেখার কাজে নিয়োজিত হন। পাঠসামগ্রী উপস্থাপনার এ পদ্ধতি মড্যুলার পদ্ধতি নামে পরিচিত। এটি একইসাথে পাঠ্যপুস্তক ও শিক্ষকের ভূমিকা পালন করে। এতে শিক্ষার্থীরা শিক্ষকের সরাসরি সহায়তা ছাড়া নিজেই পড়াশোনা করতে পারেন। এ কারণেই বইটির বিষয়বস্তু যতদূর সম্ভব নিজে পড়ে বোঝার উপযোগী করে রচনা করা হয়েছে। এতে অর্থনীতির ধারণা, তত্ত্ব এবং বিধিসমূহের সাধারণ আলোচনার পাশাপাশি বাংলাদেশ প্রসঙ্গ ও জাতীয় অর্থনীতি সম্পর্কে আলোচনা করা হয়েছে। কোর্সবইটির ভাবগত ঐক্য রক্ষা করে পাঠের বিষয়বস্তুকে কতগুলো ইউনিটে ভাগ করা হয়েছে। আবার ইউনিটগুলোকে কতগুলো পাঠে ভাগ করা হয়েছে। প্রতি ইউনিটের শুরুতে ভূমিকা দেয়া হয়েছে। স্বতন্ত্র এ ইউনিটগুলো পড়লে বিশিষ্ট কোন্ দিকগুলো জানা যাবে তা ইউনিটের উদ্দেশ্যে বলা আছে। ইউনিটটি কত সময়ে শেষ করতে হবে তা ইউনিটের শুরুতে উল্লেখ করা আছে এবং ইউনিটে কতগুলো পাঠ আছে তাও উল্লেখ করা আছে। আবার, প্রতিটি পাঠের শুরুতে ঐ পাঠের শিখনফল/উদ্দেশ্য যুক্ত করা হয়েছে, যাতে শিক্ষার্থী শিখনফল অনুযায়ী জ্ঞান অর্জিত হলো কি না তা যাচাই করতে পারেন। শিক্ষার্থীকে প্রতিটি মূলপাঠ অবশ্যই বুঝে-বুঝে পড়তে হবে এবং এক্ষেত্রে বিভিন্ন সারণি, চিত্র ইত্যাদি ভালভাবে অনুধাবন করতে হবে ও সেগুলো কিভাবে প্রয়োগ করা হয়েছে তা লক্ষ্য করতে হবে। প্রতিটি পাঠের শেষে ঐ পাঠের সারসংক্ষেপ দেয়া আছে। এছাড়া শিক্ষার্থীর স্ব-মূল্যায়নের উদ্দেশ্যে প্রতিটি পাঠের শেষে পাঠোত্তর মূল্যায়নে এবং ইউনিটের শেষে চূড়ান্ত মূল্যায়নে বহু নির্বাচনি প্রশ্ন ও সৃজনশীল প্রশ্ন দেয়া হয়েছে।

### অধ্যয়নের ক্ষেত্রে শিক্ষার্থীদের জন্য নির্দেশনা

শিক্ষার্থীরা যাতে এই বই পড়ে অধিকতর সুফল লাভ করতে পারেন সেজন্য নিচে কিছু নির্দেশনা তুলে ধরা হল :

- ইউনিটের শিরোনাম, ভূমিকা ও উদ্দেশ্য পড়ে সম্ভাব্য বিষয়বস্তু কী হতে পারে সে সম্পর্কে ধারণা করুন।
- পাঠের সবগুলো ‘উদ্দেশ্য’ পড়ে এই পাঠ থেকে কী কী শিখতে পারবেন তা জেনে নিন।
- এরপরমূলপাঠ ভালোভাবে অধ্যয়ন করুন। অধ্যয়নের পর শিখনফলগুলো অর্জিত হল কি না তা ভালোভাবে যাচাই করুন। যদি শিখনফল অর্জিত না হয় তাহলে বিষয়বস্তু পুনরায় অধ্যয়ন করুন। কোথাও চিত্র থাকলে চিত্রের সাথে বিষয়বস্তু মিলিয়ে পড়ুন।
- কোন ইউনিটের বিষয়বস্তু অধ্যয়নের সময় যে বিষয়গুলো অপেক্ষাকৃত কঠিন/দুর্বোধ্য মনে হয়েছে তা চিহ্নিত করে আপনার নোট খাতায় লিপিবদ্ধ করুন এবং কঠিন বিষয়গুলো সমাধানের জন্য বিষয়বস্তু পুনরায় অধ্যয়ন করুন।
- প্রতিটি ইউনিটের বিষয়গুলো ভালভাবে বোঝার ক্ষেত্রে অনুশীলনের জন্য প্রতিটি ইউনিটের প্রতিটি পাঠে শিক্ষার্থীদের জন্য শিক্ষার্থীর কাজ (অ্যাকটিভিটি) সংযোজন করা রয়েছে। ইউনিটের বিষয়বস্তু ভালভাবে অধ্যায়ন করে অ্যাকটিভিটিগুলো সম্পন্ন করুন।
- অধ্যয়নের শেষে পাঠোত্তর মূল্যায়নের সমস্যাগুলো নিজে নিজে সমাধান করার চেষ্টা করুন। ইউনিট-এর শেষে দেওয়া উত্তরমালার সাথে আপনার উত্তর মিলিয়ে দেখুন। সবগুলো প্রশ্নের উত্তর সঠিক না হলে এই পাঠটি আবারও ভাল করে

পড়ুন এবং সমস্যার সঠিক সমাধানের চেষ্টা করুন। চূড়ান্ত মূল্যায়নের ক্ষেত্রে একই পদ্ধতি অনুসরণ করুন। প্রয়োজনে সহপাঠিদের সাথে সমস্যার বিষয়গুলো নিয়ে আলোচনা করুন, দেখবেন সমাধানের পথ সহজ হয়ে গেছে।

- ওপেন স্কুলের এই বইটি ছাড়াও স্থানীয় স্টাডি সেন্টারে আপনার জন্য টিউটোরিয়াল ক্লাসের ব্যবস্থা রয়েছে। আপনি প্রথমেই আপনার বিষয়ে কতটি টিউটোরিয়াল ক্লাস পাবেন তা আপনার স্টাডি সেন্টার থেকে জেনে নিন এবং আপনার স্টাডি সেন্টারের প্রতিটি টিউটোরিয়াল ক্লাসে অংশগ্রহণ করুন।
- টিউটোরিয়াল সার্ভিসকে কার্যপোযোগী করতে আপনার পাঠ্যপুস্তকটির সকল ইউনিটকে কতটি অংশে ভাগ করে নিন। প্রত্যেক টিউটোরিয়াল ক্লাসে যাওয়ার আগে আপনার ভাগকৃত অংশটি ভালোভাবে অধ্যয়ন করুন। কোনো ইউনিটের বিষয়বস্তু অধ্যয়নের সময় যে বিষয়গুলো অপেক্ষাকৃত কঠিন/দুর্বোধ্য মনে হয়েছে তা চিহ্নিত করে আপনার নোট খাতায় লিপিবদ্ধ করুন এবং কঠিন বিষয়গুলো সমাধানের জন্য প্রয়োজনে টিউটরের (শিক্ষকের) সাহায্য নিন। একই পদ্ধতি অনুসরণ করে সবগুলো পাঠ অধ্যয়ন শেষ করুন।

## মার্জিন আইকন (Margin Icons)

কোর্সটি অধ্যায়ন করার পূর্বে কোর্সটিতে পর্যায়ক্রমে যে সমস্ত আইকন/প্রতীক ব্যবহৃত হয়েছে সে সম্পর্কে আপনাকে প্রথমেই পরিচিত হতে হবে। এতে পূরো কোর্স মডিউল এর কোন্টি শিখনফল, কোন্টি বিষয়বস্তু/মূলপাঠ, কোন্টি পাঠোত্তর মূল্যায়ন, কোন্টি চূড়ান্ত মূল্যায়ন ইত্যাদি সম্পর্কে সহজেই অবহিত হতে পারবেন। নিম্নে এই পাঠ্যপুস্তকে ব্যবহৃত বিভিন্ন আইকন বা প্রতীকগুলো দেখানো হলো।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| কোর্সবই অনুসরণের নির্দেশনা | কোর্স /ইউনিট সমাপ্তির সময় | উদ্দেশ্য | বিষয়বস্তু/মূলপাঠ | শিক্ষার্থীর কাজ | সারসংক্ষেপ |
| পাঠোত্তর মূল্যায়ন | চূড়ান্ত মূল্যায়ন | উত্তরমালা | ভিডিও বা দেখা | অডিও বা শোনা | সাহায্য/প্রয়োজনে |

| | |
|---|---|
| **কোর্স সমাপ্তির সময়** | **কোর্সটি সমাপ্তির সর্বোচ্চ সময় ৩২ সপ্তাহ** |

| | |
|---|---|
| **অডিও/ভিডিও** | বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ওপেন স্কুল পরিচালিত এইচএসসি প্রোগ্রামের শিক্ষার্থীবন্ধুদের জন্য অর্থনীতি ১ম পত্র বিষয়ের অনেকগুলো অডিও প্রোগ্রাম বর্তমানে বাংলাদেশ বেতার এবং ভিডিও প্রোগ্রাম বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) কর্তৃক সপ্তাহের নির্দিষ্ট দিনের নির্দিষ্ট সময়ে প্রচারিত হয়ে আসছে।<br>শিক্ষার্থীবন্ধুরা, আপনারা স্টাডি সেন্টার থেকে প্রোগ্রাম সিডিউল সংগ্রহ করে নির্দিষ্ট দিনের নির্দিষ্ট সময়ের প্রচারিত প্রোগ্রামটি দেখলে উপকৃত হবেন বলে আশা করা যায়। এসময় অর্থনীতির বিষয়গুলো বোঝার সুবিধার্থে বইটি সামনে নিয়ে বসুন এবং প্রয়োজনীয় বিষয়গুলি নোট করার জন্য কাগজ, কলম সাথে রাখুন। কোনো বিষয় বুঝতে অসুবিধা হলে প্রয়োজনে আপনার টিউটরের সহায়তা নিন। |

| | | |
|---|---|---|
| **সাহায্য/ প্রয়োজনে** | **সাহায্য বা সহায়তার জন্য পরামর্শ নিন–** | **আপনার স্টাডি সেন্টারের কোর্স টিউটর**<br>**অথবা,**<br>**তাসরুন জাহান**<br>ওপেন স্কুল<br>বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫।<br>ইমেইলঃ tasrun.jahan@gmail.com<br>এবং<br>**আল-আমিন সরকার**<br>ওপেন স্কুল<br>বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫।<br>ইমেইলঃ al_aminsarker@yahoo.com |

# মানবণ্টন : পূর্ণমান ১০০

- সৃজনশীল প্রশ্ন : ৬০ নম্বর (১০×৬=৬০)
- বহুনির্বাচনী প্রশ্ন: ৪০ নম্বর (১×৪০=৪০)

- **সৃজনশীল প্রশ্ন:**

  মোট ৯টি প্রশ্ন থাকবে। যে কোনো ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রত্যেকটি প্রশ্নের পূর্ণমান ১০ নম্বর।

  সৃজনশীল প্রশ্ন কাঠামোতে প্রথমে একটি উদ্দীপক বা দৃশ্যকল্প থাকবে। যা হতে পারে অনুচ্ছেদ, সারণি, ডায়াগ্রাম, চিত্র, মানচিত্র, উদ্ধৃতি ইত্যাদি। উদ্দীপক বা দৃশ্যকল্পের শেষে ৪টি প্রশ্ন থাকবে। প্রশ্ন ৪টির নম্বর বণ্টন হবে নিম্নরূপ:

  (ক) জ্ঞান স্তর-১

  (খ) অনুধাবন স্তর-২

  (গ) প্রয়োগ দক্ষতা স্তর-৩

  (ঘ) উচ্চতর দক্ষতা স্তর-৪

  প্রতিটি প্রশ্নের এই ৪টি অংশের মোট নম্বর হবে ১০।

- **বহুনির্বাচনি প্রশ্ন :**

  মোট ৪০টি প্রশ্ন থাকবে। সব কয়টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রত্যেকটি প্রশ্নের পূর্ণমান ১ নম্বর।

  বহুনির্বাচনি প্রশ্ন ৩ ধরনের হয়ে থাকে

  ১. সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন

  ২. বহুপদী সমাপ্তিসূচক প্রশ্ন

  ৩. অভিন্ন তথ্যভিত্তিক প্রশ্ন

# সূচিপত্র

**ইউনিট ১: অর্থনীতি পরিচিতি ........ ১-১২**
পাঠ ১.১: অসীম অভাব ও দুষ্প্রাপ্যতা ........ ২
পাঠ ১.২: সুযোগ ব্যয় ও উৎপাদন সম্ভাবনা রেখা ........ ৫
পাঠ ১.৩: ব্যষ্টিক ও সমষ্টিক অর্থনীতি ........ ১০

**ইউনিট ২: অর্থনৈতিক ব্যবস্থা ........ ১৩-২৩**
পাঠ ২.১: অর্থনৈতিক ব্যবস্থাসমূহে অর্থনৈতিক সমস্যা ও সমাধান ........ ১৪
পাঠ ২.২: বাংলাদেশের অর্থনৈতিক ব্যবস্থা ........ ২১

**ইউনিট ৩: গাণিতিক অর্থনীতির মৌলিক ধারণা ........ ২৪-৩৭**
পাঠ ৩.১: চলক ও ধ্রুবক ........ ২৫
পাঠ ৩.২: অপেক্ষক ........ ২৮
পাঠ ৩.৩: লেখচিত্র অঙ্কন ........ ৩০
পাঠ ৩.৪: ঢাল ও ছেদাংশ ........ ৩৩

**ইউনিট ৪: ভোক্তার আচরণ ........ ৩৮-৪৮**
পাঠ ৪.১: উপযোগ ........ ৩৯
পাঠ ৪.২: ক্রমহ্রাসমান প্রান্তিক উপযোগ বিধি ........ ৪৩

**ইউনিট ৫: চাহিদা ........ ৪৯-৬৭**
পাঠ ৫.১: চাহিদা ও চাহিদার নির্ধারকসমূহ ........ ৫০
পাঠ ৫.২: চাহিদা সূচি ও চাহিদা রেখা ........ ৫৬
পাঠ ৫.৩: চাহিদা অপেক্ষক ও চাহিদা সমীকরণ ........ ৬০
পাঠ ৫.৪: চাহিদার পরিমাণের পরিবর্তন ও চাহিদার পরিবর্তন ........ ৬৪

**ইউনিট ৬: যোগান ........ ৬৮-৮৪**
পাঠ ৬.১: যোগান ও যোগানের নির্ধারকসমূহ ........ ৬৯
পাঠ ৬.২: যোগান সূচি ও যোগান রেখা ........ ৭৩
পাঠ ৬.৩: যোগান অপেক্ষক ও যোগান সমীকরণ ........ ৭৮
পাঠ ৬.৪: যোগানের পরিমাণের পরিবর্তন ও যোগানের পরিবর্তন ........ ৮১

**ইউনিট ৭: বাজার ভারসাম্য ........ ৮৫-৯৬**
পাঠ ৭.১: ভারসাম্য দাম ও পরিমাণ নির্ধারণ ........ ৮৬
পাঠ ৭.২: ভারসাম্য দাম ও পরিমাণের পরিবর্তন ........ ৯১

**ইউনিট ৮: স্থিতিস্থাপকতা ........ ৯৭-১১৮**
পাঠ ৮.১: চাহিদার স্থিতিস্থাপকতা ........ ৯৮
পাঠ ৮.২: যোগানের স্থিতিস্থাপকতা ........ ১১০

**ইউনিট ৯: উৎপাদন ........ ১১৯-১৪১**
পাঠ ৯.১: উৎপাদন : উপকরণ ও শ্রেণিবিভাগ ........ ১২০
পাঠ ৯.২: উৎপাদন অপেক্ষক ........ ১২৪
পাঠ ৯.৩: উপকরণের পরিবর্তন ও উৎপাদন ........ ১৩১

**ইউনিট ১০: উৎপাদন ব্যয় ........ ১৪২-১৫৬**

পাঠ ১০.১: উৎপাদন ব্যয়ের ধারণা ও শ্রেণিবিভাগ ........ ১৪৩

পাঠ ১০.২: মোট ব্যয়, গড় ব্যয় ও প্রান্তিক ব্যয় ........ ১৪৬

**ইউনিট ১১: বাজার কাঠামো ........ ১৫৭-১৭৬**

পাঠ ১১.১: বাজারের সংজ্ঞা ও শ্রেণিবিভাগ ........ ১৫৮

পাঠ ১১.২: বিক্রয়লব্ধ আয় ........ ১৬৪

পাঠ ১১.৩: ফার্ম ও শিল্প ........ ১৬৯

**ইউনিট ১২: ভূমি ........ ১৭৭-১৯৬**

পাঠ ১২.১: ভূমি: সংজ্ঞা ও বৈশিষ্ট্য ........ ১৭৮

পাঠ ১২.২: খাজনা : সংজ্ঞা ও বৈশিষ্ট্য ........ ১৮০

পাঠ ১২.৩: খাজনা নির্ধারণ ........ ১৮৬

পাঠ ১২.৪: নিম খাজনা ........ ১৯১

**ইউনিট ১৩: শ্রম ........ ১৯৭-২১৪**

পাঠ ১৩.১: শ্রমের বৈশিষ্ট্য ও দক্ষতা ........ ১৯৮

পাঠ ১৩.২: শ্রম বাজার : অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক ........ ২০২

পাঠ ১৩.৩: শ্রমবাজারে মজুরি নির্ধারণ ........ ২০৭

পাঠ ১৩.৪: আর্থিক ও প্রকৃত মজুরি ........ ২১১

**ইউনিট ১৪: মূলধন ........ ২১৫-২২৩**

পাঠ ১৪.১: মূলধনের সংজ্ঞা ও শ্রেণিবিভাগ ........ ২১৬

পাঠ ১৪.২: মূলধন গঠন ও দক্ষতা ........ ২১৯

**ইউনিট ১৫: সংগঠন ........ ২২৪-২৩৬**

পাঠ ১৫.১: সংগঠনের ধারণা ........ ২২৫

পাঠ ১৫.২: ব্যবসায়িক সংগঠনের প্রকারভেদ ........ ২২৮

**ইউনিট ১৬: জাতীয় আয় ........ ২৩৭-২৫৫**

পাঠ ১৬.১: জাতীয় আয়ের বিভিন্ন ধারণা ........ ২৩৮

পাঠ ১৬.২: জাতীয় আয়ের চক্রাকার প্রবাহ ........ ২৪৪

পাঠ ১৬.৩: জাতীয় আয়ের পরিমাপ ........ ২৪৭

পাঠ ১৬.৪: জাতীয় আয় পরিমাপের সুবিধা ও অসুবিধা ........ ২৫২

**ইউনিট ১৭: অর্থ ও ব্যাংক ব্যবস্থা ........ ২৫৬-২৭৬**

পাঠ ১৭.১: অর্থের উদ্ভব ও বিকাশ ........ ২৫৭

পাঠ ১৭.২: অর্থের কার্যাবলী ........ ২৫৯

পাঠ ১৭.৩: অর্থের চাহিদা ও যোগান ........ ২৬১

পাঠ ১৭.৪: অর্থের পরিমাণ তত্ত্ব ........ ২৬৪

পাঠ ১৭.৫: ব্যাংক ব্যবস্থা ........ ২৬৮

**নমুনা প্রশ্ন ........ ২৭৭-২৮২**